# ইসলাম কিউ এ ফতোয়া সমগ্র

বিভাগ/অধ্যায়ঃ শিষ্টাচার, আখলাক ও অন্তর পরিচর্যা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ সালিহ আল-মুনাজ্জিদ

আমার প্রশ্নটির বিভিন্নরকম উত্তর পাওয়া যায়। সহবাসকালে কোন কিছু পড়া কি আবশ্যকীয়? প্রথমবার সহবাস করার পূর্বে নামায পড়া কি মুসলিম স্বামী-স্ত্রীর উপর আবশ্যকীয়?

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

ইসলামী আদব হচ্ছে কোন মুসলিম তার স্ত্রীর সাথে সহবাস করার পূর্বে নিম্নোক্ত বাক্যটি পড়বে, “বিসমিল্লাহ্। আল্লাহুম্মা জান্নিবনাশ শায়তান ও জান্নিবিশ শায়তানা মা রাযাকতানা” (আল্লাহর নামে শুরু করছি। হে আল্লাহ, আমাদেরকে শয়তান হতে বাঁচান এবং আমাদেরকে যদি কোন সন্তান দেন তাকেও শয়তান হতে বাঁচান) [সহিহ বুখারী, ফাতহুল বারি হাদিস নং ১৩৮]

এই দোয়াটি পড়ার উপকার হচ্ছে- যদি এই সহবাসের মাধ্যমে আল্লাহ কোন সন্তান দান করেন তাহলে শয়তান তার কোন ক্ষতি করতে পারবে না।

আর বাসর রাতে বর কনেকে কি বলবে সেটা ইতিপূর্বে (854) নং প্রশ্নোত্তরে উল্লেখ করা হয়েছে।

## ফুটনোট

http://islamqa.info/bn/1202

Source — https://www.hadithbd.com/books/link/?id=2341

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন